সমকাল

তারিখ ..18 MAR..2015...
পৃষ্ঠা ...১৭... কলাম...৭.......

# ছাত্রলীগ নেতার ওপর হামলায় ঢাবিতে বিক্ষোভ সমাবেশ

■ সমকাল প্রতিবেদক

রোকেয়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহমুদ হাসানের ওপর শিবির-ছাত্রদল ক্যাডারদের হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে ছাত্রলীগ। মঙ্গলবার ঢাবির রাজু ভাস্কর্যের সামনে সমাবেশে ছাত্রলীগ সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ বলেন, শিবির ও ছাত্রদল ক্যাডাররা পরিকল্পিতভাবে মাহমুদের ওপর হামলা চালিয়েছে। গতকাল দুপুরে রংপুর নগরীর গুড়াতিপাড়া এলাকায় মাহমুদের ওপর হামলা চালায় তারা। পরে স্থানীয়রা মাহমুদকে আশঙ্কাজনক অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। আর কোনো ছাত্রলীগ কর্মীর ওপর আঘাত এলে বিএনপি-জামায়াতের ক্যাডারদের গণধোলাই দিয়ে শিক্ষাঙ্গন ছাড়া করার ঘোষণা দেন ছাত্রলীগ সভাপতি।

ঢাবি শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ওমর শরীফের সঞ্চালনায় প্রতিবাদ সভায় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নেতা জয়দেব নন্দী, মোর্শেদুল আলম চৌধুরী, সুমন কুণ্ডু, শামসুল কবির রাহাত, হাসানুজ্জামান তারেক, শেখ রাসেল প্রমুখ।